# সমাজসেবা অধিদপ্তরের গবেষণা নীতিমালা, ২০২২

সমাজসেবা অধিদপ্তর

গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা

(অক্টোবর ২০২৩ পর্যন্ত সংশোধিত)

সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন কার্যক্রম ও প্রকল্পসমূহের সার্বিক সেবা মানের উন্নয়ন ও অগ্রসর প্রযুক্তির প্রয়োগ এবং জনগণের দোরগোঁড়ায় সেবা পৌঁছানোর নিমিত্ত এই নীতিমালা প্রণয়ন করা হইল।

**১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন:**

(ক) এই নীতিমালা সমাজসেবা অধিদপ্তরের গবেষণা নীতিমালা, ২০২২ (অক্টোবর ২০২৩ পর্যন্ত সংশোধিত) নামে অভিহিত হইবে।

(খ) এই নীতিমালা সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারী ও অন্য যে কোন আগ্রহী নাগরিকের জন্য প্রযোজ্য হইবে।

(গ) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**২। সংজ্ঞা:**

**বিষয়ের বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে এই নীতিমালায়-**

(ক) ''গবেষক'' বলিতে গবেষণার উদ্দেশ্যে মনোনীত সমাজসেবা অধিদপ্তরের যে কোন কর্মকর্তা -কর্মচারী ও অন্য যে কোন আগ্রহী নাগরিককে বুঝাইবে।

(খ) ''কমিটি'' বলিতে গবেষণা প্রস্তাব যাচাইকরণ কমিটি, গবেষণা মূল্যায়ন ও ব্যবস্থাপনা কমিটি বুঝাইবে।

(গ) ''গবেষণার সময় বা মেয়াদ'' বলিতে অর্থবৎসর (০১ জুলাই-৩০ জুন) বুঝাইবে। ক্ষেত্র বিশেষে কর্তৃপক্ষ এ সময় হ্রাস বৃদ্ধি করিতে পারিবে।

(ঘ) ''কর্তৃপক্ষ'' বলিতে সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক অথবা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অথবা মনোনীত কর্মকর্তা।

**৩। গবেষণার উদ্দেশ্য:**

গবেষণার উদ্দেশ্যসমূহ নিম্নরূপ-

(ক) সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের জ্ঞান ও কর্মদক্ষতা বৃদ্ধি করা;

(খ) সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন কার্যক্রম সংক্রান্ত বিষয়ে মূল্যায়ন এবং সঠিক ও সময়োপযোগী তথ্য-উপাত্ত (input) সরবরাহ করা; এবং

(গ) গবেষণার ফলাফলের মাধ্যমে প্রাপ্ত সুপারিশসমূহের বাস্তবায়নের মাধ্যমে সমাজসেবা অধিদপ্তরের কার্যক্রম ও প্রকল্পসমূহের সেবামান বৃদ্ধি করা।

**৪। গবেষণার পরিধি:**

(ক) সমাজসেবা অধিদপ্তর পরিচালিত কার্যক্রম ও প্রকল্পসমূহসহ প্রশাসনিক ও নাগরিক সেবা সংক্রান্ত সকল বিষয় গবেষণার আওতাভুক্ত হইবে।

(খ) কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী যে কোন বিষয় অথবা বিষয়সমূহ।

**৫। গবেষণা দল:**

এককভাবে কোনো গবেষণা কার্যক্রম পরিচালিত হইবে না; ন্যুনতম দুইজন এবং সর্বোচ্চ সাতজনের দল গবেষণা কার্য পরিচালনা করিবে।

**৬। গবেষণা কমিটি:**

গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে ব্যবস্থাপনার জন্য নিম্নরূপ দুইটি কমিটি থাকিবে, যথা:-

(৬.১) গবেষণা প্রস্তাব যাচাইকরণ কমিটি

| | |
|---|---|
| (ক) অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) | - আহবায়ক |
| (খ) উপপরিচালক (প্রশাসন ও অর্থ) | - সদস্য |
| (গ) জাতীয় সমাজসেবা একাডেমির ১ জন প্রতিনিধি | - সদস্য |
| (ঘ) আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা এর ১ জন প্রতিনিধি | - সদস্য |
| (ঙ) সমাজসেবা অফিসার (আরও ১) | - সদস্য |
| (চ) সমাজসেবা অফিসার (আরও ২) | - সদস্য |
| (ছ) সমাজসেবা অফিসার (আরও ৩) | - সদস্য |
| (জ) গবেষণা ও প্রকাশনা কর্মকর্তা | - সদস্য |
| (ঝ) সহকারি পরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ) | - সদস্য সচিব |

(৬.১.১) কমিটির কার্যপরিধি:

(ক) গবেষণা প্রস্তাব আহবান, পর্যালোচনা ও বাছাই করা;

(খ) প্রাপ্ত প্রস্তাবসমূহ যাচাই বাছাইপূর্বক সুপারিশ প্রদান করা; এবং

(গ) সুপারিশকৃত প্রস্তাব গবেষণা মূল্যায়ন ও ব্যবস্থাপনা কমিটির নিকট প্রেরণ।

(৬.২) গবেষণা মূল্যায়ন ও ব্যবস্থাপনা কমিটি:

| | |
|---|---|
| (ক) পরিচালক (প্রশাসন ও অর্থ) | -আহবায়ক |
| (খ) অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) | - সদস্য |
| (গ) উপপরিচালক (প্রতিষ্ঠান ১) | - সদস্য |
| (ঘ) উপপরিচালক (কার্যক্রম ১) | - সদস্য |

(ঙ) উপপরিচালক, সামাজিক নিরাপত্তা (সমন্বয়) - সদস্য

(চ) অধ্যক্ষ, জাতীয় সমাজসেবা একাডেমি, ঢাকা - সদস্য

(ছ) উপপরিচালক, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা - সদস্য

(জ) সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয়ের একজন অধ্যাপক ও গবেষক (মহাপরিচালক কর্তৃক মনোনীত) - সদস্য

(ঝ) সহকারি পরিচালক (গুদাম, যন্ত্রপাতি ও যানবাহন) - সদস্য

(ঞ) সহকারি পরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ) - সদস্য

(ট) সমাজসেবা অফিসার (আরও ১) - সদস্য

(ঠ) গবেষণা ও প্রকাশনা কর্মকর্তা - সদস্য

(ড) সমাজসেবা অফিসার (আরও ২) - সদস্য

(ঢ) সমাজসেবা অফিসার (আরও ৩) - সদস্য

(ণ) উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা) - সদস্য সচিব

(৬.২.১) কমিটির কার্যপরিধি:

(ক) গবেষণা প্রস্তাবের বিষয়ে অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট মতামত অথবা সুপারিশ প্রদান করা;

(খ) গবেষণা প্রকল্পসমূহের বাস্তবায়ন তদারকি ও সমন্বয় সাধন করা;

(গ) গবেষণা কার্যক্রমের অগ্রগতি, মূল্যায়ন ও অর্থ ছাড়ের সুপারিশ করা; এবং

(ঘ) গবেষণা প্রতিবেদনের উপর মতামত প্রদান করা।

(৬.৩) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর উপদেষ্টা হিসেবে গবেষণা মূল্যায়ন ও ব্যবস্থাপনা কমিটির কার্যক্রম পর্যবেক্ষণ, গবেষণার সার্বিক মানোন্নয়নে প্রয়োজনীয় মতামত ও দিকনির্দেশনা প্রদান করিবেন।

(৬.৪) সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালকের অনুমোদনক্রমে কমিটি প্রয়োজনবোধে বিষয়-সংশ্লিষ্ট সমাজসেবা অধিদপ্তরের যে কোনো কর্মকর্তা কর্মচারি অথবা সমাজসেবা অধিদপ্তর-বহির্ভূত যে কোনো উপযুক্ত ব্যক্তিকে তাঁহার সম্মতি সাপেক্ষে সদস্য/ বিশেষজ্ঞ সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিতে পারিবে।

**৭। গবেষণা প্রস্তাব অনুমোদন:**

(৭.১) গবেষণা মূল্যায়ন ও ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রস্তাব সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক চূড়ান্ত অনুমোদন করিবেন।

(৭.২) অনুমোদিত গবেষণা প্রস্তাবসমূহ এবং সংশ্লিষ্ট গবেষণার বাজেট উল্লেখ করে গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা অফিস আদেশ জারি করিবেন।

(৭.৩) গবেষণা প্রতিবেদন মুদ্রিত আকারে প্রকাশের বিষয়ে সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদান করিবেন।

**৮। গবেষণার ধরন:**

(৮.১) আর্থিক সংশ্লেষ বিবেচনায় দুই ধরনের গবেষণা প্রকল্প থাকিবে:

(ক) ক শ্রেণি: ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার উর্ধ্বের প্রাক্কলিত বাজেট সম্বলিত; এবং

(খ) খ শ্রেণি: ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত প্রাক্কলিত বাজেট সম্বলিত।

(৮.২) কর্তৃপক্ষ সময়ে সময়ে গবেষণা প্রকল্পের আর্থিক পরিধি নির্ধারণ করিতে পারিবে।

**৯। গবেষণা প্রস্তাবে যে সকল বিষয় অথবা অধ্যায় অন্তর্ভূক্ত থাকিবে;**

৯.১ একটি গবেষণা প্রস্তাবে সাধারণভাবে যেসব বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকিবে তাহা পরিশিষ্ট ‘ক’ এ দেখানো হইলো।

৯.২ গবেষণা প্রস্তাবের সাথে Flow-chart আকারে গবেষণার ডিজাইন (Research Design) দাখিল করতে হইবে। যাতে গবেষণার পদ্ধতি, কর্মপরিকল্পনা, তথ্য উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষন সংক্রান্ত রূপরেখা ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত থাকিবে।

৯.৩ গবেষকদের জীবন বৃত্তান্ত প্রদান করিতে হইবে।

**১০। গবেষণা প্রস্তাব আহ্বান, অনুমোদন ও বাস্তবায়নের সময়সূচি:**

(১০.১) গবেষণা প্রস্তাব আহ্বান ও অনুমোদনের জন্য নিম্নরূপ সময়সূচি অনুসরণ করা হইবে;

(ক) গবেষণা প্রস্তাব গ্রহণ: প্রতি বৎসর আগষ্ট মাসের মধ্যে;

(খ) গবেষণা প্রস্তাব বাছাই ও সুপারিশ চূড়ান্তকরণ: ২০ সেপ্টেম্বরের মধ্যে;

(গ) গবেষণা প্রস্তাব অনুমোদন; সেপ্টেম্বর মাসের মধ্যে;

(ঘ) গবেষণাদল কর্তৃক গবেষণা: প্রস্তাব অনুযায়ী

(ঙ) খসড়া ফলাফলসহ সেমিনার আয়োজন: গবেষণাপত্র দাখিলের ১৫ দিনের মধ্যে;

(চ) চুড়ান্ত প্রতিবেদন দাখিল: সেমিনার আয়োজনের ১৫ দিনের মধ্যে; এবং

(ছ) হিসাবরক্ষণ শাখায় বিল দাখিল: মে মাসের মধ্যে।

(১০.২) উপর্যুক্ত সময়সীমা কর্তৃপক্ষ প্রয়োজনে হ্রাস-বৃদ্ধি করিতে পারিবে।

**১১। গবেষণা প্রতিবেদন চূড়ান্ত মূল্যায়ন ও উপস্থাপন :**

(১১.১) গবেষণা প্রতিবেদন চূড়ান্ত মূল্যায়নের নিমিত্ত ৬.২ এর (জ) এর অনুমোদিত অধ্যাপক ও গবেষকের নিকট প্রেরণ করা হইবে। প্রয়োজনে কর্তৃপক্ষ একাধিক মূল্যায়নকারী (সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও গবেষক) মনোনীত করিবেন।

(১১.২) মূল্যায়নকারী গবেষণা প্রস্তাবে বর্ণিত উদ্দেশ্য ও পরিধির আলোকে গবেষণা প্রতিবেদনের চূড়ান্ত প্রতিবেদন মূল্যায়ন করিবে। গবেষণা প্রতিবেদন মূল্যায়নের জন্য মূল্যায়নকারী গবেষণা দলের নিকট তথ্য, ছবি, ভিডিও ক্লিপ ও তথ্যসূত্র প্রদানের জন্য অনুরোধ করিতে পারিবে;

(১১.৩) মূল্যায়নকারী প্রতিবেদন প্রস্তুতপূর্বক গবেষণা মূল্যায়ন ও ব্যবস্থাপনা কমিটির নিকট প্রেরণ করিবেন;

(১১.৪) চূড়ান্ত গবেষণা প্রতিবেদনসমূহ পর্যালোচনার উদ্দেশ্যে এক বা একাধিক গবেষণা সেমিনার আয়োজন করা হইবে;

(১১.৫) সেমিনারে উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট গবেষণা দল প্রয়োজনীয় সংখ্যক গবেষণা প্রতিবেদনের হার্ডকপি এবং সফটকপি দাখিল করিবেন; এবং

(১১.৬) আয়োজিত সেমিনারে গবেষণা মূল্যায়ন ও ব্যবস্থাপনা কমিটির সদস্য ছাড়াও গবেষণার বিষয়বস্তুর সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাগণের উপস্থিতিকে উৎসাহিত করা হইবে।

**১২। সম্মানী:**

(১২.১) উপদেষ্টা, মূল্যায়নকারী ও বিভিন্ন কমিটির সদস্যগণ নিম্নবর্ণিত হারে সম্মানী প্রাপ্য হইবেন;

(ক) যাচাই বাছাই কমিটির সদস্যগণ প্রতিটি সভার জন্য ১৫০০ টাকা হারে সম্মানী প্রাপ্য হবেন।
(খ) গবেষণা মূল্যায়ন ও ব্যবস্থাপনা কমিটির সদস্যগণ প্রতিটি সভার জন্য ১৫০০ টাকা হারে সম্মানী প্রাপ্য হবেন।
(গ) উপদেষ্টা প্রতিটি সভার জন্য ৫০০০ টাকা হারে সম্মানী প্রাপ্য হবেন।
(ঘ) মূল্যায়নকারী প্রতিটি চূড়ান্ত মূল্যায়নের জন্য ৪০০০ টাকা হারে সম্মানী প্রাপ্য হবেন।

(১২.২) উপদেষ্টা, মূল্যায়নকারী ও বিভিন্ন কমিটির সদস্যগণের সম্মানী কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে হ্রাস-বৃদ্ধি করা যাইবে। ইহা সমাজসেবা অধিদপ্তরের রাজস্ব বাজেটের গবেষণা খাত হইতে মিটানো হইবে।

**১৩। আর্থিক ব্যবস্থাপনা:**

(ক) সমাজসেবা অধিদপ্তরের রাজস্ব বাজেটের গবেষণা খাতে বরাদ্দকৃত অর্থ হইতে এই গবেষণা কার্য পরিচালিত হইবে;

(খ) গবেষণা দলসহ অন্যান্য সদস্যের সম্মানী বরাদ্দকৃত অর্থের ৫০ শতাংশের বেশি হইবে না; সরাসরি সম্মানী দেওয়া যাইবে;

(গ) হিসাব নিরীক্ষাকালে কোনো আপত্তি উত্থাপিত হইলে নিষ্পত্তির দায় সম্মিলিতভাবে গবেষণা দলের উপর বর্তাইবে;

(ঘ) গবেষণার জন্য বরাদ্দকৃত অর্থ গবেষণা দল তিন কিস্তিতে উত্তোলন করিতে পারিবে; ১ম কিস্তি: গবেষণা কমিটি সুপারিশের আলোকে মহাপরিচালক কর্তৃক গবেষণা প্রস্তাব অনুমোদিত হওয়ার পর বাজেটের শতকরা ৫০ ভাগ, ২য় কিস্তি মধ্যবর্তী মূল্যায়নের পর বাজেটের শতকরা ২৫ ভাগ এবং ৩য় কিস্তি চুড়ান্ত প্রতিবেদন জমার পর অবশিষ্ট ২৫ ভাগ অর্থ প্রদান করা হইবে ;

(ঙ) প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণ করিয়া গবেষণা-সংশ্লিষ্ট ব্যয় নির্বাহ করিতে হইবে;

(চ) মোট বরাদ্দের সর্বোচ্চ ৫% বই-জার্নাল বা অন্যান্য ডকুমেন্ট ক্রয়ে ব্যয় করা যাইবে এবং গবেষণা শেষে ক্রয়কৃত বই-জার্নালসমূহ সমাজসেবা অধিদপ্তরের গবেষণা, প্রকাশনা, মূল্যায়ন ও জনসংযোগ শাখার লাইব্রেরীতে জমা করিতে হইবে;

(ছ) গবেষণা দলের দলনেতার অনুকূলে অর্থ ছাড় করা হইবে;

(জ) গবেষণা বাস্তবায়নের জন্য গবেষণা দলের সদস্যগণের ভ্রমণকালকে দাপ্তরিক কাজ হিসাবে গণ্য করা হইবে; তবে এ সংক্রান্ত সকল ব্যয় অনুমোদিত গবেষণা বরাদ্দ হইতে নির্বাহ করিতে হইবে;

(ঝ) নির্ধারিত সময়সীমার মধ্যে কোনো গবেষণা প্রতিবেদন গবেষণা মূল্যায়ন ও ব্যবস্থাপনা কমিটির নিকট জমা না দিলে কিংবা গবেষণা মূল্যায়ন ও ব্যবস্থাপনা কমিটি কর্তৃক জমাকৃত গবেষণা পরিত্যাজ্য/বাতিল হইলে সংশ্লিষ্ট গবেষণা খাতে গৃহীত অর্থ গবেষণা দল ফেরত প্রদানে বাধ্য থাকিবেন;

(ঞ) গবেষণার ব্যয়ভার নির্বাহের পর যদি কোনো পরিমাণ অর্থ উদ্বৃত্ত থাকিয়া যায় তাহা গবেষণা দলের দলনেতা সমাজসেবা অধিদপ্তরে ফেরত প্রদান করিতে বাধ্য থাকিবেন;

(ট) যদি গবেষণা দলের কোন সদস্য বা গবেষণায় নিয়োজিত অন্য কোনো ব্যক্তি তাহার উপর অর্পিত দায়িত্ব পালনে অসমর্থ হন তাহা হইলে তাহার ক্ষেত্রে গৃহীত অগ্রিম ফেরত প্রদানে বাধ্য থাকিবেন। অর্থ ফেরত প্রদানের ক্ষেত্রে ব্যত্যয় ঘটিলে প্রচলিত আইন অনুযায়ী তাহা আদায় করা যাইবে।

(ঠ) গবেষণা কার্যক্রমের আর্থিক বিষয়ে কোনো অডিট আপত্তি উত্থাপিত হইলে উক্ত আপত্তি নিষ্পত্তির দায় গবেষণা দলের দলনেতার উপর বর্তাইবে। অডিট আপত্তি এবং অর্থ-সংশ্লিষ্ট বিষয়াদি সরকারি আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক নিষ্পন্ন করিতে হইবে এবং

(ড) সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রণীত চুক্তিনামা অনুযায়ী দ্বিপক্ষীয়ভাবে সমাজসেবা অধিদপ্তর (প্রথম পক্ষ) ও গবেষক (দ্বিতীয় পক্ষ) এর মধ্যে চুক্তিপত্র করিতে হইবে এবং জামানতনামা (চুক্তি সম্পাদনকালে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নির্ধারিত ফরমেটে তিনশত টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে) সম্পাদন করিতে হইবে।

১৪। বিবিধ:

(ক) একজন গবেষক একই অর্থবছরে সমাজসেবা অধিদপ্তর পরিচালিত কেবল একটি গবেষণায় সম্পৃক্ত হইতে পারিবেন;

(খ) গবেষণা প্রস্তাব চূড়ান্ত অনুমোদন প্রাপ্তির পর কোনো গবেষণা দল অপারগতা প্রকাশ করিলে পরবর্তী দুই অর্থ বৎসর তাঁহারা কোনো গবেষণা প্রস্তাব দাখিল করিতে পারিবেন না;

(গ) গবেষণা দলের সদস্যগণ নিজে অথবা আউটসোর্সিং এর মাধ্যমে দিনভিত্তিতে তথ্য সংগ্রাহকের মাধ্যমে তথ্য সংগ্রহ করিতে পারিবেন; এইক্ষেত্রে দিনভিত্তিক সম্মানি প্রদান করা যাইবে;

(ঘ) গবেষণা দল গবেষণা শেষে দশ কপি প্রতিবেদন গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখায় জমা দিবে;

(ঙ) গবেষণা দল কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে Plagiarism পরিহার্য; কোনো দলের প্রতিবেদনে Plagiarism প্রমানিত হইলে ঐ দলের সদস্যগণ পরবর্তী সকল সময়ের জন্য গবেষণা কাজে অযোগ্য বিবেচিত হইবেন;

(চ) প্রদত্ত প্রতিবেদন মৌলিক এবং প্রতিবেদন বা ইহার কোন অংশ অপর কোন প্রতিবেদন বা উৎস হইতে আহরিত নয় মর্মে প্রতিবেদনে দলের সদস্যগণ প্রত্যয়ন প্রদান করিবেন;

(ছ) প্রতিবেদনে ব্যবহৃত তথ্য- উপাত্তের Reference স্বীকৃত পদ্ধতিতে প্রদান করিতে হইবে;

(জ) গবেষণা চলাকালীন গবেষণা দল প্রতি মাসের অগ্রগতি প্রতিবেদন পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এই নীতিমালার পরিশিষ্ট 'খ' প্রদত্ত ছকে গবেষণা মূল্যায়ন ও বাস্তবায়ন কমিটির আহবায়কের নিকট দাখিল করিবে;

(ঝ) গবেষণা কাজে আন্তর্জাতিকভাবে স্বীকৃত ethical issues নিশ্চিত করিতে হইবে; জাতি, গোষ্ঠী, সমাজ, ধর্ম, বর্ণ নির্বিশেষে কোনো ব্যক্তিকে হেয় প্রতিপন্ন করে – এই ধরনের কোনো গবেষণা প্রস্তাব গ্রহণ বা প্রশ্নপত্র প্রণয়ন কিংবা কাহাকেও পীড়া দেয় – এমন কোনো মন্তব্য, বিবৃতি, ছবি, প্রতীক- ইত্যাদি প্রতিবেদনে ব্যবহার করা যাইবে না;

(ঞ) সংগৃহীত তথ্য উপাত্ত যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে এবং প্রযোজ্য ক্ষেত্রে তথ্য প্রদানকারীর

গোপনীয়তা নিশ্চিত করিতে হইবে;

(ট) গবেষণা দলের কোনো সদস্যের বিরুদ্ধে অনিয়ম কিংবা অর্পিত দায়িত্ব পালনে অবহেলার অভিযোগ উত্থাপিত হইলে কর্তৃপক্ষ সেই বিষয়ে তদন্তক্রমে যথাযথ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে;

(ঠ) গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা কমিটিসমূহকে সাচিবিক সহায়তা প্রদান করিবে;

(ড) গবেষণা কাজে কোন জটিলতা/প্রতিবন্ধকতা দেখা দিলে উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ) বিষয়টি অবিলম্বে গবেষণা মূল্যায়ন ও ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন করবেন এবং কমিটির সুপারিশের আলোকে বিষয়টি নিষ্পত্তির ব্যবস্থা করবেন;

(ঢ) কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় গবেষণার ফলাফল সংক্রান্ত কোন মতামত প্রদান বা প্রতিবেদন প্রকাশ করা যাইবে না;

(ণ) এই নীতিমালার বর্ণিত কোন বিষয়ে কোন প্রশ্ন উত্থাপন হইলে বা কোন প্রকার জটিলতা তৈরি হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে;

(ত) প্রতিটি গবেষণা প্রতিবেদনের স্বত্ব সমাজসেবা অধিদপ্তর এর নিকট ন্যাস্ত থাকবে; এবং

(থ) এ নীতিমালার উদ্দেশ্য পূরণকল্পে সমাজসেবা অধিদপ্তর কর্তৃপক্ষ প্রয়োজনবোধে নির্ধারিত পদ্ধতি অনুসরণপূর্বক এ নীতিমালার সংশোধন/পরিবর্তন/পরিমার্জন করতে পারবেন।

আদিল মোত্তাকীন
উপপরিচালক
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

**পরিশিষ্ট 'ক'**

(ক) গবেষণার শিরোনাম (Title of The Research)

(খ) ভূমিকা (Introduction)

(গ) সমস্যা চিহ্নিতকরণ (Identification of Problem / Statement of the Problem)

(ঘ) গবেষণার যৌক্তিকতা (Rationale of the Study)

(ঙ) গবেষণার প্রশ্ন (Research Questions)

(চ) গবেষণার উদ্দেশ্য (Objectives of Research)

(ছ) গবেষণা পদ্ধতি (বিশদ বিবরণসহ) (Methods of the Study)

(জ) গবেষণার মানদন্ড (Ethical Consideration)

(ঝ) গবেষণার উপকারভোগী (Beneficiaries of Research)

(ঞ) গবেষণার পরিধি (Scope of Research)

(ট) প্রত্যাশিত ফলাফল (Expected Results)

(ঠ) কর্মপরিকল্পনা ও সময়সীমা (Action Plan and Time Frame)

(ড) কর্মএলাকা (Working Area)

(ঢ) উপাত্তের উৎস (Sources Of Data)

(ণ) গবেষক দলের নাম ও পরিচিতি (Name and Introduction of the research team)

(ত) প্রস্তাবিত বাজেট (Proposed Budget) এবং

(থ) গ্রন্থপঞ্জী (Bibliography/ References)।

পরিশিষ্ট 'খ'

# গবেষণার অগ্রগতি প্রতিবেদন ছক

## মাস: ... ... ... ... ... ... ... ....

| গবেষণার বিষয় | গবেষনা দলের সদস্যগণের নাম ও পদবি | বরাদ্দের পরিমাণ | লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি | | প্রমাণক |
|---|---|---|---|---|---|---|
| | | | | সম্পাদিত কার্যক্রম | আর্থিক (লক্ষ টাকায়) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | |
| | | | | | | |

............................ ..........................

গবেষণা দলের সদস্যবৃন্দের স্বাক্ষর দলনেতার স্বাক্ষর

মোছাঃ নাসরিন সুলতানা
সমাজসেবা অফিসার (আর ও)
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
সমাজসেবা অধিদফতর
আগারগাঁও, ঢাকা

লাভলী খানম
সহকারি পরিচালক
গবেষণা, মূল্যায়ণ, প্রকাশনা ও জনসংযোগ
সদর কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর।

আদিল মোত্তাকীন
উপপরিচালক
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

সৈয়দ মোঃ নূরুল বাসির
যুগ্মসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)
সমাজসেবা অধিদফতর, ঢাকা।